

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা- ১ শাখা)  
www.lgd.gov.bd.

স্মারক নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.১১২.২০১৬-১৮০৮

তারিখ : ২২ ডিসেম্বর ২০১৬

বিষয়: উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য পদে নির্বাচন অনুষ্ঠান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ৬ ধারা অনুযায়ী নির্বাচন কমিশন কর্তৃক গত ১৫ জুন ২০১৫ দেশে প্রথম বারের মত উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য পদে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। উক্ত নির্বাচিত সংরক্ষিত মহিলা আসনের অনেক সদস্য ডিসেম্বর ২০১৫ এ পৌরসভা এবং জুন ২০১৬ হতে ইউনিয়ন পরিষদ নির্বাচনে বিভিন্ন পদে অংশগ্রহণের লক্ষ্যে পদত্যাগ করেছেন। ফলে যে সকল ইউনিয়ন পরিষদ ও পৌরসভার নির্বাচন সম্পন্ন হয়েছে সেসকল ইউনিয়ন পরিষদ/পৌরসভা হতে যারা উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা আসনের সদস্য ছিলেন উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এর ১২ ধারা অনুযায়ী তাদের পদ শূন্য হয়েছে। আবার যে সকল উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য পদত্যাগ করেননি/নির্বাচনে অংশগ্রহণ করেননি/নির্বাচনে অংশগ্রহণ করে পুনরায় নির্বাচিত হতে পারেননি তারা কেউ উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৪(২) ধারার বিধান অনুযায়ী পৌরসভা/ইউনিয়ন পরিষদের সদস্য নির্বাচিত না হওয়ায় উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা আসনে অধিষ্ঠিত নেই। এ সংক্রান্তে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৪(২) এ নিম্নরূপ উল্লেখ রয়েছে:

"কোন ব্যক্তি যদি ইউনিয়ন পরিষদ বা পৌর প্রতিনিধি বা মহিলা সদস্য হন, এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান বা মেয়র বা সদস্য বা কাউন্সিলর না থাকেন তাহা হইলে পরিষদে তাহার সদস্য পদ শূন্য হইবে।"

২। উপরে উল্লেখিত অবস্থার পরিপ্রেক্ষিতে যেসকল ইউনিয়ন পরিষদ ও পৌরসভায় নির্বাচন সম্পন্ন হয়েছে এবং যে সকল ইউনিয়ন পরিষদ/পৌরসভার সদস্যগণ উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য ছিলেন যেসকল উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা আসন বর্তমানে শূন্য হয়েছে। এদিকে উপজেলা পরিষদের মেয়াদ আরও প্রায় দুই বৎসর অবশিষ্ট রয়েছে। ফলে এসকল শূন্য পদে নির্বাচন হওয়া জরুরী। উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা সদস্যদের নির্বাচন অনুষ্ঠানের ক্ষেত্রে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এর ধারা ১৬ এ নিম্নরূপ উল্লেখ রয়েছে:

"১৬। আকস্মিক পদ শূন্যতা পূরণ।-পরিষদের মেয়াদ শেষ হইবার তারিখের-

(ক) একশত আশি দিন বা তদাপেক্ষা বেশী সময় পূর্বে চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যানের পদ শূন্য হইলে; বা

(খ) একশত বিশ দিন বা তদাপেক্ষা বেশী সময় পূর্বে কোন মহিলা সদস্যের পদ শূন্য হইলে,

উক্ত পদটি শূন্য হওয়ার নব্বই দিনের মধ্যে বিধি অনুযায়ী অনুষ্ঠিত নির্বাচনের মাধ্যমে উক্ত শূন্য পদ পূরণ করিতে হইবে, এবং যিনি উক্ত পদে নির্বাচিত হইবেন তিনি পরিষদের অবশিষ্ট মেয়াদের জন্য উক্ত পদে বহাল থাকিবেন।"



৩। উপজেলা পরিষদ ২০১৪ সালে অনুষ্ঠিত হওয়ায় পরিষদের মেয়াদ একশত বিশ দিনের বেশী অবশিষ্ট থাকায় সংরক্ষিত মহিলা আসনে নতুন করে নির্বাচনের বাধ্যবাধকতা রয়েছে।

৪। এমতাবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৬(খ) অনুযায়ী উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্যদের শূন্য পদে নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

J. Amin  
22/02/2021  
(ড. জুলিয়া মঈন)  
উপসচিব  
ফোন : ৯৫৬২২৪৭

সচিব  
নির্বাচন কমিশন সচিবালয়  
আগারগাঁও, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় কমিশনার (সকল),.....বিভাগ।
- ২। জেলা প্রশাসক (সকল), .....জেলা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল),.....জেলা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল),.....উপজেলা পরিষদ,.....জেলা।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল),.....উপজেলা,.....জেলা।
- ৮। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।